গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিভাগীয় বন কর্মকর্তা, বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, সামাজিক বন বিভাগ, রংপুর

এবং

বন সংরক্ষক, বন সংরক্ষকের কার্যালয়, সামাজিক বন অঞ্চল, বগুড়া-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

## সূচিপত্র

আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: আঞ্চলিক / জোনাল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৪

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৫

## আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Regional/Zonal Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

দেশের বন সংরক্ষণ ও পুনরুদ্ধার, অর্থনৈতিক উন্নয়ন, কর্মসংস্থান, দারিদ্র বিমোচন, প্রাকৃতিক বিপর্যয় রোধ এবং পরিবেশের ভারসম্য রক্ষাকল্পে সামাজিক বন বিভাগ, রংপুর কর্তৃক বিগত তিন অর্থ বছরে অংশিদারিত্বমূলক সামাজিক বনায়ন কার্যক্রমের মাধ্যমে ৭০.০ হেক্টর ব্লক বাগান এবং ১২০.০ কিলোমিটার স্ট্রীপ বাগান সৃজন করা হয়েছে। ২০২০-২০২১ হতে ২০২২-২০২৩ অর্থ বছর পর্যন্ত সামাজিক বনায়নে সম্পৃক্ত উপকারভোগী, ভূমি মালিক সংস্থা এবং ইউনিয়ন পরিষদকে ১০ কোটি ৯৫ লক্ষ ০৮ হাজার টাকা লভ্যাংশ প্রদান করা হয়েছে। জবরদখলকৃত ২২.২৯৯৩ হেক্টর বনভূমি উদ্ধারের মাধ্যমে পুনঃবনায়ন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

বন সংরক্ষণ ব্যতিত বনভূমির ভিন্ন ব্যবহার রোধ করা এবং সকল ক্ষেত্রে বন সংরক্ষণকে টেকসই উন্নয়নের পূর্বশর্ত হিসাবে প্রতিষ্ঠা করা।
অত্র বন বিভাগের কার্যক্রমের তুলনায় জনবল ও যানবাহন কম এবং চাহিদা অনুযায়ী বাজেট বরাদ্দের অপ্রতুলতা।
রেল কর্তৃপক্ষের জায়গায় সৃজিত বাগান সমূহ কর্তনের পর রেল কর্তৃপক্ষ কর্তৃক পুনঃবনায়নে অসম্মতি জ্ঞাপন করা।
সড়ক ও জনপথ বিভাগ এবং এলজিইডি-এর সড়কে তাদের নিজস্ব উন্নয়ন প্রকল্প সমূহের আওতায় বনায়নের সংস্থান থাকায় অত্র বন বিভাগ নতুন বনায়ন কার্যক্রম গ্রহণে বাধার সন্মুখীন হচ্ছ। এ বাধা দূরীভূত করা প্রয়োজন।
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিয়ন্ত্রণাধীন বাঁধের ধার এবং সেচ খালের পাড় সংস্কার সংক্রান্ত প্রকল্পে সংস্থাটির নিজস্ব বনায়ন কার্যক্রম থাকায় বন বিভাগের সৃজিত বাগান কর্তনান্তে পুনঃবনায়ন ও নতুন বনায়নের সুযোগ সংকোচিত হচ্ছে।
বনভূমির রেকর্ড হালনাগাদ করা।
অবৈধ করাতকল উচ্ছেদ করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়ন, প্রেক্ষিত পরিকল্পনা, ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, Voluntary National Contributions (VNC), বদ্বীপ পরিকল্পনা, এসডিজি ও Smart Bangladesh-এর লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে বন, বন্যপ্রাণী ও জীববৈচিত্র সংরক্ষণের মাধ্যমে টেকসই বন ব্যবস্থাপনা নিশ্চিত করা।
সামাজিক বনায়ন কার্যক্রম বাস্তবায়নে স্থানীয় জনগোষ্ঠীকে বন ব্যবস্থাপনায় আরও বেশী সক্রিয়ভাবে সম্পৃক্ত করা।
বৃক্ষের প্রজাতি বৈচিত্র্য নিশ্চিত করত: বনজ সম্পদ উন্নয়নের কাজকে আরও সফল ও বেগবান করতে সামাজিক বনায়নের মাধ্যমে পুনঃবনায়ন নিশ্চিত করা।
সংরক্ষিত ও রক্ষিত বনভূমিতে Enrichment Plantation সৃজনের মাধ্যমে Sal Associates ফিরিয়ে আনা।
বৃক্ষহীন বনভূমিতে মিশ্র প্রজাতির বাগান (Mixed Plantations) সৃজন।
জবরদখলকৃত বনভূমি উদ্ধার করে দ্রুত বর্ধনশীল প্রজাতির (Fast growing Species) বনায়ন করা।
বন্দোবস্তকৃত বনভূমির বন্দোবস্ত যৌক্তিকভাবে বাতিল করার উদ্যোগ গ্রহণ।
অবৈধ করাত কল উচ্ছেদ অভিযান অব্যাহত রাখার পাশাপাশি বৈধ অবস্থানে প্রতিষ্ঠিত করাত কলের লাইসেন্স প্রদান।
ফার্নিচার মার্ট ও বনজদ্রব্যের ডিপো লাইসেন্স ইস্যু করা।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- বৃক্ষাচ্ছাদন সম্প্রসারণের জন্যে এ সামাজিক বন বিভাগে ২০.০ সিডলিং কিলোমিটার স্ট্রীপ পুনঃবনায়ন।
- সামাজিক বনায়নের মাধ্যমে দারিদ্র্য নিরসনে সম্পৃক্ত উপকারভোগীদের মধ্যে ২.০০ কোটি টাকার লভ্যাংশ বিতরণ।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

বিভাগীয় বন কর্মকর্তা, বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, সামাজিক বন বিভাগ, রংপুর

এবং

বন সংরক্ষক, বন সংরক্ষকের কার্যালয়, সামাজিক বন অঞ্চল, বগুড়া-এর মধ্যে ২০২৩ সালের ................ মাসের ................ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

১.১ রূপকল্প : আধুনিক প্রযুক্তি, সৃজনশীলতা ও জনগণের অংশগ্রহণে টেকসই ব্যবস্থাপনার মাধ্যমে বন, বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য সংরক্ষণ এবং আর্থ-সামাজিক উন্নয়ন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

আধুনিক প্রযুক্তি, সৃজনশীলতা ও জনগণের অংশগ্রহণে উৎপাদনশীল ও টেকসই ব্যবস্থাপনার মাধ্যমে বন, বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য সংরক্ষণ ও বৃক্ষের আচ্ছাদন (Tree Cover) বৃদ্ধি, প্রতিবেশগত সেবার (Ecosystem Services) মানোন্নয়ন ও দারিদ্র বিমোচন।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. বনজ সম্পদ সংরক্ষণ ও টেকসই বন ব্যবস্থাপনা।

২. জনগণের অংশগ্রহণে বন সম্প্রসারণ।

৩. ইকোসিস্টেম ব্যবস্থাপনার উন্নয়ন ও জীববৈচিত্র সংরক্ষণ।

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. বন, বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য সংরক্ষণ, বনজসম্পদের টেকসই ব্যবস্থাপনা ও উন্নয়ন, বন সম্প্রসারণ, বন জরিপ ও সীমানা নির্ধারণ।

২. বন জরীপ, বন হতে কার্বন নিঃসরণের মাত্রা নির্ধারণ এবং বন পরিবীক্ষণ ও মূল্যায়ন।

৩. সরকারি বনভূমি, পতিত ভূমি, প্রান্তিক ভূমি, অব্যবহারিত কৃষি ভূমিতে বনায়ন কার্যক্রমের মাধ্যমে বৃক্ষাচ্ছাদন বৃদ্ধি

৪. সামাজিক বনায়ন ও সহযোগিতামূলক বন ব্যবস্থাপনার মাধ্যমে স্থানীয় জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ সুষ্টি, দারিদ্র বিমোচন ও নারীর ক্ষমতায়ন।

৫. বনের অবক্ষয় রোধের মাধ্যমে কার্বন মজুদ বৃদ্ধি করে বিশ্ব উষ্ণায়ন রোধে অবদান রাখা। বনের প্রাকৃতিক পুনরুৎপাদনে (Assisted Natural Regeneration) সহায়তা, অবক্ষয়িত বনের পুনর্বাসন এবং জলবিভাজিকা (Watershed) ব্যবস্থাপনা।

৬. বনজ সম্পদ উৎপাদন এবং বনজসম্পদের টেকসই ব্যবহার নিশ্চিতকরণ।

৭. বনের প্রাকৃতিক পুনরুৎপাদনে (Assisted Natural Regeneration) সহায়তা, অবক্ষয়িত বনের পুনর্বাসন এবং জলবিভাজিকা (Watershed) ব্যবস্থাপনা।

৮. সরকারি ও বেসরকারি পর্যায়ে বনায়নে সহায়তা ও উৎসাহ প্রদান। বৃক্ষরোপণ ও বনায়ন বিষয়ে কারিগরি পরামর্শ প্রদান, বন সংক্রান্ত বিষয়ে অভিযোগ পরামর্শ প্রদান।

৯. রক্ষিত এলাকা সম্প্রসারণ ও সহ-ব্যবস্থাপনা (Co-management) কার্যক্রম বাস্তবায়ন এবং প্রকৃতি পযটন (Ecotourism) উন্নয়ন ও সম্প্রসারণ।

১০. বন, বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য সম্পর্কিত আইন, বিধি ও নীতিমালা প্রণয়ন, হালনাগাদ করণ ও বাস্তবায়ন।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| বৃক্ষাচ্ছাদন বৃদ্ধি | বনভূমি বহির্ভূত এলাকায় বনায়ন | সিডলিং কিলোমিটার | ৩৩ | ১০ | ২০ | ২৫ | ৩০ | সামাজিক বন বিভাগ, রংপুর-এর অধিক্ষেত্রাধীন SFNTC সমূহ। | রংপুর সামাজিক বন বিভাগাধীন রেঞ্জ ও SFNTC সমূহের প্রতিবেদন/বাগানের জার্নাল। |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩

# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] বনজ সম্পদ সংরক্ষণ ও টেকসই বন ব্যবস্থাপনা। | ২৫ | [১.১] জবরদখলকৃত বন উদ্ধার | [১.১.১] উদ্ধারকৃত বনের পরিমাণ | সমষ্টি | হেক্টর | ৯ | ০.২৯৯৩ | ০ | ৪০.০ | ৩৮.০ | ৩৬.০ | ৩৪.০ | ৩২.০ | ৫.০ | ৫.০ |
| | | [১.২] ইকোট্যুরিজম উন্নয়ন | [১.২.১] ভ্রমণকারীর সংখ্যা | সমষ্টি | সংখ্যা লক্ষ | ৬ | ০.০৬১০ | ০.০২০ | ০.০৩০ | ০.০২৯ | ০.০২৮ | ০.০২৭ | ০.০২৬ | ০.০৩০ | ০.০৩০ |
| | | [১.৩] চারা বিক্রয় ও বিতরণ | [১.৩.১] বিক্রয়কৃত চারার সংখ্যা | সমষ্টি | লক্ষ চারা | ১০ | ১.১০ | ১.০ | ১.০ | ০.৯৫ | ০.৯০ | ০.৮৫ | ০.৮০ | ১.০ | ১.০ |
| [২] জনগণের অংশগ্রহণে বন সম্প্রসারণ। | ২৫ | [২.১] সামাজিক বনায়ন কার্যক্রম | [২.১.১] পুনঃবনায়ন (ব্লক) | সমষ্টি | হেক্টর | ৬ | ২০.০ | ১০.০ | ১০.০ | ৯.৫০ | ৯.০০ | ৮.৫০ | ৮.০০ | ৩.০ | ২.০ |
| | | | [২.১.২] পুনঃবনায়ন (স্ট্রীপ) | সমষ্টি | কিঃমিঃ | ৬ | ৩৩.০ | ১০.০ | ২০.০ | ১৮.০ | ১৬.০ | ১৪.০ | ১২.০ | ২৫.০ | ৩০.০ |
| | | [২.২] উপকারভোগীদের মাঝে লভ্যাংশ বিতরণ | [২.২.১] বিতরণকৃত লভ্যাংশের পরিমাণ | সমষ্টি | কোটি টাকা | ৭ | ৫.১৬৬৪ | ১.০ | ২.০ | ১.৮ | ১.৬ | ১.৪ | ১.২ | ২.০ | ২.৫ |
| | | [২.৩] উপকারভোগীদের মাঝে টেকসই বনজ সম্পদ আহরণের বিষয়ে সচেতনতা সৃষ্টি | [২.৩.১] সচেতন উপকারভোগীর সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৬ | ২০০ | ২০০ | ২৫০ | ২২৫ | ২০০ | ১৭৫ | ১৫০ | ২৫০ | ২৭৫ |
| [৩] ইকোসিস্টেম ব্যবস্থাপনার উন্নয়ন ও জীববৈচিত্র সংরক্ষণ। | ২০ | [৩.১] বিলুপ্ত প্রায় উদ্ভিদ প্রজাতি সম্প্রসারণ | [৩.১.১] সম্প্রসারণের জন্য বিলুপ্ত প্রায় উদ্ভিদ প্রজাতি সিভিট এবং তমাল প্রজাতির চারা উত্তোলন ও রোপণ | সমষ্টি | চারার সংখ্যা | ৭ | ৩০০ | ২০০ | ৩০০ | ২৯০ | ২৮০ | ২৭০ | ২৬০ | ২০০ | ২০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | [৩.২] রক্ষিত এলাকাসমূহের প্রচলিত আইন ও ধিবিধান এবং বন্যপ্রাণী সম্পর্কে সচেনতামূলক সভা | [৩.২.১] অনুষ্ঠিত সভার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৭ | ২ | ৪ | ৪ | ৪ | ৩ | ৩ | ২ | ২ | ২ |
| | | [৩.৩] অবৈধ বিক্রয় ও পাচার এবং লোকালয়ে আসা বন্যপ্রাণী উদ্ধার | [৩.৩.১] বন্যপ্রাণী উদ্ধারে সফল অভিযানের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৬ | ২৫ | ১০ | ১০ | ৯ | ৯ | ৮ | ৮ | ১০ | ১০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, বিভাগীয় বন কর্মকর্তা, বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, সামাজিক বন বিভাগ, রংপুর, বন সংরক্ষক, বন সংরক্ষকের কার্যালয়, সামাজিক বন অঞ্চল, বগুড়া-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, বন সংরক্ষক, বন সংরক্ষকের কার্যালয়, সামাজিক বন অঞ্চল, বগুড়া হিসাবে বিভাগীয় বন কর্মকর্তা, বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, সামাজিক বন বিভাগ, রংপুর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

........................................................

বিভাগীয় বন কর্মকর্তা
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, সামাজিক বন বিভাগ, রংপুর

........................................................

তারিখ

........................................................

বন সংরক্ষক
বন সংরক্ষকের কার্যালয়, সামাজিক বন অঞ্চল, বগুড়া

........................................................

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | VNC | Voluntary National Cotributions |

# সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] জবরদখলকৃত বন উদ্ধার | [১.১.১] উদ্ধারকৃত বনের পরিমাণ | সামাজিক বন বিভাগ, রংপুরের আওতাধীন মিঠাপুকুর রেঞ্জ | সামাজিক বন বিভাগ, রংপুরের আওতাধীন মিঠাপুকুর রেঞ্জ কর্তৃক প্রণিত প্রতিবেদন/রেজিস্টার |
| [১.২] ইকোট্যুরিজম উন্নয়ন | [১.২.১] ভ্রমণকারীর সংখ্যা | সামাজিক বন বিভাগ, রংপুরের আওতাধীন মিঠাপুকুর রেঞ্জ ও লালমনিরহাট এসএফএনটিসি | সামাজিক বন বিভাগ, রংপুরের আওতাধীন মিঠাপুকুর রেঞ্জ ও লালমনিরহাট এসএফএনটিসি কর্তৃক প্রণিত প্রতিবেদন/রেজিস্টার |
| [১.৩] চারা বিক্রয় ও বিতরণ | [১.৩.১] বিক্রয়কৃত চারার সংখ্যা | সামাজিক বন বিভাগ, রংপুরের আওতাধীন রেঞ্জ/এসএফএনটিসি | সামাজিক বন বিভাগ, রংপুরের আওতাধীন রেঞ্জ/এসএফএনটিসি কর্তৃক প্রণিত প্রতিবেদন/রেজিস্টার |
| [২.১] সামাজিক বনায়ন কার্যক্রম | [২.১.১] পুনঃবনায়ন (ব্লক) | সামাজিক বন বিভাগ, রংপুরের আওতাধীন রেঞ্জ/এসএফএনটিসি | সামাজিক বন বিভাগ, রংপুরের আওতাধীন রেঞ্জ/এসএফএনটিসি কর্তৃক প্রণিত প্রতিবেদন/জার্নাল |
| [২.১] সামাজিক বনায়ন কার্যক্রম | [২.১.২] পুনঃবনায়ন (স্ট্রীপ) | সামাজিক বন বিভাগ, রংপুরের আওতাধীন রেঞ্জ/এসএফএনটিসি | সামাজিক বন বিভাগ, রংপুরের আওতাধীন রেঞ্জ/এসএফএনটিসি কর্তৃক প্রণিত প্রতিবেদন/জার্নাল |
| [২.২] উপকারভোগীদের মাঝে লভ্যাংশ বিতরণ | [২.২.১] বিতরণকৃত লভ্যাংশের পরিমাণ | সামাজিক বন বিভাগ, রংপুরের আওতাধীন রেঞ্জ/এসএফএনটিসি | সামাজিক বন বিভাগ, রংপুরের আওতাধীন রেঞ্জ/এসএফএনটিসি কর্তৃক প্রণিত প্রতিবেদন/রেজিস্টার |
| [২.৩] উপকারভোগীদের মাঝে টেকসই বনজ সম্পদ আহরণের বিষয়ে সচেতনতা সৃষ্টি | [২.৩.১] সচেতন উপকারভোগীর সংখ্যা | সামাজিক বন বিভাগ, রংপুরের আওতাধীন রেঞ্জ/এসএফএনটিসি | সামাজিক বন বিভাগ, রংপুরের আওতাধীন রেঞ্জ/এসএফএনটিসি কর্তৃক প্রণিত প্রতিবেদন/রেজিস্টার |
| [৩.১] বিলুপ্ত প্রায় উদ্ভিদ প্রজাতি সম্প্রসারণ | [৩.১.১] সম্প্রসারণের জন্য বিলুপ্ত প্রায় উদ্ভিদ প্রজাতি সিভিট এবং তমাল প্রজাতির চারা উত্তোলন ও রোপণ | সামাজিক বন বিভাগ, রংপুরের আওতাধীন রেঞ্জ/এসএফএনটিসি | সামাজিক বন বিভাগ, রংপুরের আওতাধীন রেঞ্জ/এসএফএনটিসি কর্তৃক প্রণিত প্রতিবেদন/রেজিস্টার |
| [৩.২] রক্ষিত এলাকাসমূহের প্রচলিত আইন ও থিবিধান এবং বন্যপ্রাণী সম্পর্কে সচেনতামূলক সভা | [৩.২.১] অনুষ্ঠিত সভার সংখ্যা | সামাজিক বন বিভাগ, রংপুর ও এর আওতাধীন রেঞ্জ/এসএফএনটিসি | সামাজিক বন বিভাগ, রংপুর ও এর আওতাধীন রেঞ্জ/এসএফএনটিসি কর্তৃক প্রণিত প্রতিবেদন |
| [৩.৩] অবৈধ বিক্রয় ও পাচার এবং লোকালয়ে আসা বন্যপ্রাণী উদ্ধার | [৩.৩.১] বন্যপ্রাণী উদ্ধারে সফল অভিযানের সংখ্যা | সামাজিক বন বিভাগ, রংপুর ও এর আওতাধীন রেঞ্জ/এসএফএনটিসি | সামাজিক বন বিভাগ, রংপুর ও এর আওতাধীন রেঞ্জ/এসএফএনটিসি কর্তৃক প্রণিত প্রতিবেদন |

# সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| জবরদখলকৃত বন উদ্ধার | উদ্ধারকৃত বনের পরিমাণ | জেলা প্রশাসন ও আইন শৃঙ্খলা বাহিনী এবং বিচার বিভাগ | The govt. and local authority lands and buildings (revovery or possession) ordinance, ১৯৭০ প্রয়োগের মাধ্যমে জবরদখল উচ্ছেদ। বিচারাধীন মামলা নিষ্পত্তি ব্যতীত বন পুনরুদ্ধার সম্ভব নয়। |
| ইকোট্যুরিজম উন্নয়ন | ভ্রমণকারীর সংখ্যা | আইন শৃঙ্খলা বাহিনী ও ট্যুর অপারেটর | সংরক্ষণমুখী বন ব্যবস্থাপনার মাধ্যমে জীববৈচিত্র্য সংরক্ষণ নিশ্চিত করা। এতে বন নির্ভর জনগোষ্ঠীর বিকল্প আয়ের সুযোগ সৃষ্টি হবে। |
| সামাজিক বনায়ন কার্যক্রম | পুনঃবনায়ন (স্ট্রীপ) | সড়ক ও জনপথ বিভাগ, পানি উন্নয়ন বোর্ড, বাংলাদেশ রেলওয়ে, জেলা পরিষদ, স্থানীয় প্রকৌশল অধিদপ্তর ও জেলা প্রশাসন | সড়ক/বাঁধ/রেলের ধারের পতিত জায়গায় স্থানীয় জনগোষ্ঠীর সমন্বয়ে সামাজিক বনায়নে সহায়তা প্রদান। যা বনজ সম্পদ বৃদ্ধি ও দরিদ্র বিমোচনে অবদান রাখবে |
| উপকারভোগীদের মাঝে লভ্যাংশ বিতরণ | বিতরণকৃত লভ্যাংশের পরিমাণ | সড়ক ও জনপথ বিভাগ, পানি উন্নয়ন বোর্ড, বাংলাদেশ রেলওয়ে, জেলা পরিষদ, স্থানীয় প্রকৌশল অধিদপ্তর ও জেলা প্রশাসন | বনায়নের মাধ্যমে অব্যবহৃত পতিত জায়গা উৎপাদন মূখী রাখা, বনজ সম্পদ বৃদ্ধি এবং দারিদ্র বিমোচন |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ